

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা  
(www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৫২২.০৪.২১.২০১৭-২৯০

তারিখ: ১২ ভাদ্র ১৪২৪  
২৭ আগস্ট ২০১৭

পরিপত্র

ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর Chapter XIV অনুসরণ করে ফৌজদারি অপরাধের তদন্ত কার্যক্রম পরিচালিত হইবে থাকে। সাক্ষ্য আইন, ১৮৭২-এর Chapter VII অনুযায়ী মামলা প্রমাণের দায়িত্ব বাদীর ওপর অর্পিত। তাছাড়া, ফৌজদারি কার্যবিধির ধারা ১৭১(২) অনুযায়ী পুলিশ কর্মকর্তা কর্তৃক আদালতে সাক্ষী হাজির করার বাধ্যবাধকতা রয়েছে। সাধারণভাবে নিম্নআদালতে পিপি/এপিপিগণ রাষ্ট্রবাদী মামলা পরিচালনা করে থাকেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট, পুলিশ সুপার, সিভিল সার্জন, পিপি ও সংশ্লিষ্ট আইনজীবী প্রমুখ সমন্বিতভাবে বিচারকার্য পরিচালনায় সংশ্লিষ্ট আদালতকে সহযোগিতা প্রদান করলে ন্যায় বিচার নিশ্চিত করা আরও সহজতর হতে পারে।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে জেলাপর্যায়ে বিচারকার্য পরিচালনায় সংশ্লিষ্ট আদালতকে আরও সহযোগিতা প্রদান তথা ন্যায় বিচার প্রতিষ্ঠার পথ আরও সুগম করার লক্ষ্যে নিম্নরূপভাবে আদালত সহায়তা কমিটি গঠন করা হল:

(ক) আদালত সহায়তা কমিটি:

(১) জেলা ম্যাজিস্ট্রেট	- সভাপতি
(২) পুলিশ সুপার	- সদস্য
(৩) সিভিল সার্জন	- সদস্য
(৪) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি	- সদস্য
(৫) কমান্ডার, র্যাব	- সদস্য
(৬) পিপি	- সদস্য
(৭) সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি	- সদস্য
(৮) সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক	- সদস্য
(৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	- সদস্য-সচিব

(খ) কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবেন।

(গ) কার্য-পদ্ধতি:

- (১) কমিটি প্রতিমাসে একটি সভার আয়োজন করবেন;
- (২) প্রয়োজনে কমিটি মাসে একাধিক সভা করতে পারেন;
- (৩) সংশ্লিষ্ট আদালতের পর্যবেক্ষণ গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে পরবর্তীতে অনুরূপ ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি দূরীকরণের ব্যবস্থা করবেন; এবং
- (৪) সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবেন।

(ঘ) কর্ম-পরিধি:

প্রয়োজন, বাস্তব অবস্থা এবং প্রয়োজ্য ক্ষেত্র বিবেচনায় নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণ করা যেতে পারে:

- (১) সকল শ্রেণির দায়রা আদালত, চিফ মেট্রোপলিটন/চিফ জুডিসিয়াল/মেট্রোপলিটন/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে নিয়োজিত সরকারি কৌশলি ও পুলিশ কর্মকর্তাগণের মাধ্যমে ফৌজদারি কার্য বিধি, ১৮৯৮-এর ৩৭৩ ধারার আলোকে রাষ্ট্রবাদী মামলার রায়ের কপি জেলা ম্যাজিস্ট্রেটের দপ্তরে প্রাপ্তির ব্যবস্থাকরণ;

